গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
এপিএ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.০২.০১৯.২০২১(অংশ-১)-৭৮

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৮
১৪ অক্টোবর, ২০২১

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)' ১ম ত্রৈমাসিক প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) কর্তৃক পর্যালোচনা ও অনুমোদনের লক্ষ্যে বিএমসি সভার কার্যবিবরণী**

সভার সভাপতি : লোকমান হোসেন মিয়া, সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

সভার তারিখ ও সময় : ১১/১০/২০২১ তারিখ, দুপুর ০১:৪৫টা

স্থান : সভাকক্ষ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

উপস্থিত কর্মকর্তার তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন এপিএ মূল্যায়নে ১-৫ ক্রমিকের মধ্যে থাকার জন্য কাজ করতে হবে।

অত:পর যুগ্মসচিব (বাজেট) ও এপিএ ফোকাল পয়েন্ট ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র ১ম ত্রৈমাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। যে সকল সূচকের অর্জন আশানুরোপ নয় তার বিষয়ে আলোচনা হয়। সভাপতি বিভিন্ন সূচক নির্ধারিত সময়ে সমাপ্ত করা এবং যথাযথ প্রমাণক সংরক্ষণ করার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার পরামর্শ প্রদান করেন। পাশিপাশি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যেভাবে প্রমাণক দাখিল করতে বলা হয় সেভাবেই প্রমাণক দাখিলের ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

পরবর্তীতে এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয় বলেন প্রতিটি সূচকের বিপরীতে প্রতি মাসের একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা বাস্তবায়নে গুরুত্বারোপ করতে হবে। যে সকল সূচকের অর্জন এখনো আশানুরোপ হয়নি বা কার্যক্রম শুরু করা হয়নি তা বাস্তবায়নের ব্যাপারে সকলকে কাজ করার আহবান জানান।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও বিকল্প এপিএ টিম লিডার মহোদয় আগামী ২০২১-২০২২ অর্থবছরের এপিএ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা থাকলে তা মন্ত্রণালয়ের এপিএ টিমকে অবহিত করার পরামর্শ প্রদান করেন। আগামী বছরে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ মূল্যায়নে ১ থেকে ৫ম স্থানের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগ থাকতে পারে সে লক্ষ্যে কাজ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

**সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | [১.১.১] উপজেলা হাসপাতালে চক্ষু চিকিৎসা সেবা সম্প্রসারণ বিষয়ে বলেন ইতিমধ্যে চট্টগ্রাম ও বরিশাল বিভাগে ৪০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কমিউনিটি ভিশন সেন্টার স্থাপনের লক্ষ্যে ৪০ জন সিনিয়র স্টাফ নার্সকে অনলাইনের মাধ্যমে এবং ২০ জন সিনিয়র স্টাফ নার্সকে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরো ৪০ জন সিনিয়র স্টাফ নার্স এর অনলাইনের মাধ্যমে এবং ২০ জন সিনিয়র স্টাফ নার্স এর হাতে-কলমে প্রশিক্ষণ কর্মসূচী চলমান। মোট ৮০ জন প্রশিক্ষণার্থীকে এনআইও ওপি থেকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম শেষ হলে উক্ত সূচকটি বাস্তবায়ন করা হবে। | কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যেই সূচকটি বাস্তবায়ন করতে হবে। | প্রবা-২, স্বাস্থ্য সেবা বিভাগ ও ন্যাশননাল আই কেয়ার, DGHS |
| ২. | [১.২.১] লার্নিং সেশন/প্রশিক্ষণ আয়োজিত বিষয়ে জানানো হয় বিষয় নির্ধারণ করা হয়েছে। প্রতি ১৫ দিনে কর্মক্ষেত্রে ১টি লার্নিং সেশন আয়োজনের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে কার্যক্রম শুরু হবে। | প্রতিমাসে অন্তত: ২টি লার্নিং সেশনের আয়োজন করতে হবে। বৃহস্পতিবারে আয়োজন করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রশাসন ২/৪, এইচআরএম/এপিএ সমন্বয়ব |
| ৩. | [১.৩.১] অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅর্ডারে আক্রান্ত শিশুদের জন্য প্রতিষ্ঠিত শিশু বিকাশ কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত রোগীর সংখ্যা (ভিজিটের ভিত্তিতে) বিষয়ে জানানো হয় এ পর্যন্ত ১৪২৪০ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। করোনার কারণে রোগীর সংখ্যা কম ছিল। এখন তুলনামূলক রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। | কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে। ১.২০ লক্ষ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, HSM, DGHS |
| ৪. | [১.৩.২] মেডিকেল কলেজ হাসপাতালে প্রতিষ্ঠিত শিশু বিকাশ কেন্দ্র পরিদর্শন ও সুপারিশ প্রদান বিষয়ে জানানো হয় ২টি পরিদর্শন করা হয়েছে। বাকী ০৮টি পরিদর্শন সম্পন্ন হবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। লক্ষ্যমাত্রার বেশি পরিদর্শন করা প্রয়োজন। পরিদর্শন শেষে প্রতিবেদনের একটি কপি অবশ্যই এপিএ টিমের নিকট দাখিল করতে হবে। | মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান, HSM, DGHS |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. | [১.৪.১] গবেষণা কার্যক্রম সম্পাদিত বিষয়ে জানানো হয় বিষয় নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন হবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | HEU & DGHS |
| ৬. | [১.৪.২] হাসপাতাল পরিদর্শন বিষয়ে আলোচনা হয়। ২৭টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। বাকীগুলো নির্ধারিত সময়ের মধ্যে হয়ে যাবে। | নির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রয়োজন। পরিদর্শন শেষে প্রতিবেদনের একটি কপি অবশ্যই এপিএ টিমের নিকট দাখিল করতে হবে। | মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান, HSM, DGHS |
| ৭. | [১.৫.১] ঔষধ আইন, ২০২০ নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পুন:প্রেরিত বিষয়ে জানানো হয় নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন হবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | DGDA, ঔষধ প্রশাসন-১/২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৮. | [১.৫.২] নার্সদের খসড়া কর্মপরিধি চূড়ান্তকৃত বিষয়টি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে মন্ত্রণালয়ে অধিকতর পরীক্ষা-নিরীক্ষা চলছে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | DGNM, নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৯. | [১.৬.১] মিডওয়াইফ দ্বারা পরিচালিত ইউনিট বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। | যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | নার্সিং সেবা-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, DGNM |
| ১০. | [১.৬.২] প্রসবপূর্ব (ন্যূনতম ৪ বার) সেবা প্রদানকৃত বিষয়ে জানানো হয় নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | MNC & AH, DGHS, DGNM |
| ১১. | [১.৬.৩] দক্ষধাত্রী (এসবিএ) দ্বারা পরিচালিত প্রসব বিষয়ে জানানো হয় নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | MNC & AH, DGHS, DGNM |
| ১২. | [১.৭.১] ইপিআই কভারেজ (এমআর)**বিষয়ে জানানো হয় নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | MNC & AH, DGHS |
| ১৩. | [১.৭.২] ই-পিআই কার্যক্রম মনিটরিং বিষয়ে জানানো হয় ২টি মনিটরিং সম্পন্ন হয়েছে। বাকীগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | নির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রয়োজন। পরিদর্শন শেষে প্রতিবেদনের একটি কপি অবশ্যই এপিএ টিমের নিকট দাখিল করতে হবে। | মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান, স্বাস্থ্য সেবা বিভাগ, DGHS |
| ১৪. | [২.১.১] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহকারী সার্জন হতে তদুর্ধ্ব (সহকারী পরিচালক/সিভিল সার্জন, উপ পরিচালক ও ৬ষ্ঠ গ্রেডে) ইতোমধ্যে ০৯ জনকে পদোন্নতি প্রদান করা হচ্ছে। শূণ্য পদ হলেই পদোন্নতি প্রদান করা হবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | পার-১/২/৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৫. | [২.১.২] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জুনিয়র কনসালটেন্ট ও সিনিয়র কনসালটেন্টদের পদোন্নতি কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | পার-১/২/৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৬. | [২.১.৩] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে ইতোমধ্যে ১০ জনকে পদোন্নতি প্রদান করা হচ্ছে। শূণ্য পদ হলেই পদোন্নতি প্রদান করা হবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | পার-১/২/৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৭. | [২.১.৪] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গ্রেড ৩ ভুক্ত অধ্যাপক ও পরিচালক পদে ইতোমধ্যে ৪৮ জনকে পদোন্নতি প্রদান করা হচ্ছে। শূণ্য পদ হলেই পদোন্নতি প্রদান করা হবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | পার-১/২/৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৮. | [২.১.৫] সিনিয়র স্টাফ নার্স/নার্সগণের শিশুদের বিশেষ যত্ন বিষয়ক প্রশিক্ষণ ও পদায়ন বিষয়ে জানানো হয় প্রশিক্ষণ মডিউল তৈরি করা হয়েছে। নভেম্বর ২০২১ থেকে প্রশিক্ষণ শুরু হবে। প্রশিক্ষণ শেষে পদায়ন করা হবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ DGNM |
| ১৯. | [২.২.১] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মিত বিষয়ে জানানো হয় কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | নির্মাণ অধিশাখা, HED, CBHC, DGHS |
| ২০. | [২.২.২] বিভিন্ন হাসপাতালে হাই ফ্লো ন্যাজাল ক্যানোলা সরবরাহ ও চালুকৃত জানানো হয় ০৫টি বাস্তবায়ন হয়েছে। বাকীগুলো নির্ধারিত সময়ের মধ্যে হয়ে যাবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | NEMEMW & TC |
| ২১. | [২.২.৩] কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও আধুনিকীকরণ বিষয়ে জানানো হয় কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | নির্মাণ অধিশাখা, HED, CBHC, DGHS |
| ২২. | [২.২.৪] ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র নির্মাণ ও আধুনিকীকরণ বিষয়ে জানানো হয় কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হয়ে যাবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | নির্মাণ অধিশাখা, HED, |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৩. | [২.২.৫] হাসপাতালের সকল প্রকার ক্রয় কার্যে স্বচ্ছতা আনয়নের জন্য ইলেকট্রনিক পদ্ধতিতে ক্রয় (ই-জিপি) চালুকৃত বিষয়ে জানানো হয় ই-জিপি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করলে কার্যক্রম বাস্তবায়ন সহজতর হবে। | ই-জিপি বিষয়ে যারা জড়িত তাদের পত্র প্রেরণ করতে হবে। যে সকল হাসপাতাল বাস্তবায়ন করতে তার একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রয়োজনে হাসপাতাল অনুবিভাগকে সম্পৃক্ত করতে হবে। পাশাপশি সংশ্লিষ্টদের জন্য প্রশিক্ষনের আয়োজন করতে হবে। | DGHS/ HSD |
| ২৪. | [২.২.৬] নির্মিত কমিউনিটি ক্লিনিক, নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কার্যক্রম মনিটরিং বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদনের একটি কপি এপিএ টিমের নিকট দাখিল করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, hed |
| ২৫. | [২.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন–এ খাওয়ানোর হার বিষয়ে জানানো হয় নভেম্বর ২০২১ এর ১ম সপ্তাহে শুরু হবে। | অগ্রগতি রিপোর্ট প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | জনস্বাস্থ্য-২, স্বাস্থ্য সেবা বিভাগ, জাতীয় পুষ্টি প্রতিষ্ঠান |
| ২৬. | [২.৩.২] আয়রন-ফলেট ট্যাবলেট গ্রহণকারী গর্ভবতী মা বিষয়ে আলোচনা হয় ১০৮% কে সংশোধন করে সঠিক ও নির্ভরযোগ্য প্রতিবেদন দাখিল করতে হবে। | যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | জনস্বাস্থ্য-২, স্বাস্থ্য সেবা বিভাগ, জাতীয় পুষ্টি প্রতিষ্ঠান |
| ২৭. | [২.৪.১] স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচির আওতাভুক্ত রোগীকে চিকিৎসা প্রদান বিষয়ে জানানো হয় ২৩৯৫৮ বাস্তবায়ন হয়েছে। বাকীগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | HEU |
| ২৮. | [২.৪.২] স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচির আওতাভুক্ত রোগীকে প্রদানকৃত আর্থিক সহায়তা বিষয়ে জানানো হয় ৬.৯৩ কোটি বাস্তবায়ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে টার্গেট বাস্তবায়ন করতে হবে। | যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | HEU |
| ২৯. | [৩.১.১] মেডিকেল কলেজ হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICU স্থাপিত বিষয়ে জানানো হয় ৭টির কাজ শুরু হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে টার্গেট বাস্তবায়ন করতে হবে। | অগ্রগতি রিপোর্ট প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, DGHS,PWD |
| ৩০. | [৩.১.২] বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল ও কিডনী বিভাগ নির্মাণকৃত বিষয়ে জানানো হয় ৫% কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। পর্যায়ক্রমে অনিষ্পন্ন কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন হবে। | অগ্রগতি রিপোর্ট প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ DGHS, |
| ৩১. | [৩.১.৩] জেলা সদর হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICU স্থাপনকৃত বিষয়ে কোভিড-১৯ ইআরপিপি প্রজেক্ট এর অধীনে ১০ টি মেডিকেল কলেজ হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICU স্থাপনের জন্য নকশা অনুমোদিত হয়েছে যা বর্তমানে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দরপত্র আহবান করা হয়েছে। | অগ্রগতি রিপোর্ট প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | নির্মাণ কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, DGHS |
| ৩২. | [৩.১.৪] স্টাব্লিশমেন্ট অব বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিট এট ফাইভ মেডিকেল কলেজ হাসপাতাল (সিলেট, বরিশাল, রংপুর, রাজশাহী, ফরিদপুর) স্থাপন প্রকল্প একনেকে প্ররিত বিষয়ে আলোচনা হয় । পরিকল্পনা কমিশনের পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি প্রেরণ করা হয়েছে। | যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ,' স্বাস্থ্য সেবা বভাগ |
| ৩৩. | [৩.১.৬] পাবনা মানসিক হাসপাতালকে আধুনিকায়ন এবং বিভাগীয় মেডিকেল কলেজের মানসিক রোগ ইউনিট শক্তিশালীকরণ প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পাদিত বিষয়ে জানানো হয় প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি চলমান রয়েছে। | কর্মপরিকল্পনা প্রয়োজন। যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | DGHS |
| ৩৪. | [৪.১.১] ম্যালেরিয়া রোগ পরীক্ষার জন্য আগত রোগীর সংখ্যা ১৪.২৫ লক্ষ থেকে কমিয়ে ১২ লক্ষ করার সংশোধন প্রস্তাব প্রদান করা হয়েছে। | কর্মপরিকল্পনা প্রয়োজন<br>রিপোর্ট পাঠানোর পদ্ধতি জানা প্রয়োজন। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | CDC, DGHS |
| ৩৫. | [৪.১.২] ম্যালেরিয়া রোগের সচেতনতার জন্য বিসিসি ম্যাটেরিয়াল বিতরণকৃত বিষয়ে জানানো হয় ৪৫হাজার বিতরণ করা হয়েছে। | লিফলেটের প্রিন্টেট কপি ও কোন কোন জেলায় প্রেরণ করা হয়েছে তার তালিকা প্রেরণ করতে হবে। | CDC, DGHS |
| ৩৬. | [৪.২.১] এইচআইভি সনাক্তকরণে সমন্বিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী ব্যক্তির সংখ্যা বিষয়ে আলোচনা হয়। অক্টোবরে রিপোর্ট প্রদান করা হবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন<br>রিপোর্ট পাঠানোর পদ্ধতি জানা প্রয়োজন। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | NASP, DGHS |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩৭. | [৪.২.২] যক্ষ্মা রোগী নিরাময়ের হার (সকল কেস) বিষয়ে আলোচনা হয়। অক্টোবরে রিপোর্ট প্রদান করা হবে। | কর্মপরিকল্পনা প্রয়োজন<br>রিপোর্ট পাঠানোর পদ্ধতি জানা প্রয়োজন। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | NASP, DGHS |
| ৩৮. | [৪.৩.১] কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানকৃত বিষয়ে জানানো হয় লক্ষ্যমাত্রা বৃদ্ধি করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | DGHS/HSD |
| ৩৯. | [৪.৩.২] জেলা সদর হাসপাতালে ২০ শয্যা বিশিষ্ট কোভিড Isolation unit স্থাপনকৃত বিষয়ে জানানো হয় কোভিড-১৯ ইআরপিপি প্রজেক্ট এর অধীনে ২০ টি জেলা সদর হাসপাতালে ২০ শয্যা বিশিষ্ট কোভিড Isolation unit স্থাপনের জন্য নকশা অনুমোদিত হয়েছে। যা গণপূর্ত অধিদপ্তর বাস্তবায়ন করবে। | অগ্রগতি রিপোর্ট প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, PWD, DGHS |
| ৪০. | [৫.১.১] করোনা সংক্রামন মোকাবেলায় জরুরী সুরক্ষা সামগ্রি, টেস্ট কিট, ঔষধ ও ভ্যাকসিনের সরবরাহ নিশ্চিত করতে অনাপত্তি সনদ শতভাগ নিষ্পত্তি হয়েছে। | যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | DGDA |
| ৪১. | [৫.১.২] জিএমপি মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা বিষয়ে জানানো হয় ৯৬৫টি নমুনা পরীক্ষা করা হয়েছে। বাকীগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে। | যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | DGDA |
| ৪২. | [৫.১.৩] ঔষধের রেজিস্ট্রেশন/জরুরি ব্যবহার অথোরাইজেশন সনদ প্রাপ্তির আবেদন শতভাগ নিষ্পত্তি হয়েছে। | যথাযথ প্রমাণক প্রেরণ করতে হবে। | DGDA |
| ৪৩. | [৫.১.৪] ইডিসিএল এর মান নিশ্চিতকরণ বিভাগ (QA) কর্তৃক কাঁচামাল এবং ফিনিস প্রোডাক্টের নমুনা পরীক্ষাকরণ কার্যক্রম পরিদর্শনকৃত বিষয়ে মন্ত্রণালয় থেকে একটি কমিটি গঠন করে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করার ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | কর্মপরিকল্পনা প্রয়োজন। কমিটি গঠন করে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরিদর্শন প্রতিবেদনের একটি কপি এপিএ টিমের নিকট দাখিল করতে হবে। | HSD, EDCL |
| ৪৪. | এপিএ'র সাথে সরাসরি জড়িত সকল কর্মকর্তাদের দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | | এপিএ টিম, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৪৫. | প্রত্যেক অনুবিভাগ প্রধান তাদের অধিনস্থ শাখা/অধিশাখা হতে (এপিএ, এনআইএস, জিআরএস, সিসি, আরটিআই, ইনোভেশন) একজন ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন করে দিবেন। তিনি তার অনুভিভাগের সূচক বাস্তবায়নের বিষয়ে সমন্বয় করবেন। | | সকল অনুবিভাগ প্রধান, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৪৬. | সভায় উপস্থিত সকলের পরামর্শ অনুযায়ী ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র ১ম ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন করা হয়। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

স্বাক্ষরিত
১৪/১০/২০২১
(লোকমান হোসেন মিয়া)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.০২.০১৯.২০২১(অংশ-১)-৭৮

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৮
১৪ অক্টোবর, ২০২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা-নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/প্রশাসন অধিশাখা/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফরি/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন/পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট ১ ও ২/সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা/পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৬. যুগ্মসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭. পরিচালক, পরিকল্পনা ও গবেষনা ও এপিএ কো-অর্ডিনেটর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশাসন-৪/প্রকল্প বাস্তবায়ন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১. বেগম ফাতেমা জোহরা, উপপরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, ঢাকা।
১২. জনাব মো: আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) ও এপিএ ফোকাল পয়েন্ট, এইচইডি, মতিঝিল, ঢাকা।

১৩. ডাঃ আরাফাতুর রহমান, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (প্ল্যানিং) ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. ডাঃ ফারিয়া আহমেদ, মেডিকেল অফিসার (প্ল্যানিং ও রিসার্চ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৫. জনাব আশরাফ হোসেন, উপ-পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬. জনাব মো: আলী মোকাররম, জেনারেল ম্যানেজার, অডিট ও এপিএ ফোকাল পয়েন্ট, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।
১৭. ওয়ার্কশপ ম্যানেজার ও এপিএ ফোকাল পয়েন্ট, টেমো, মহাখালী, ঢাকা।
১৮. জনাব এম এন নাসিদ রহমান, সহকারী প্রকৌশলী ও এপিএ ফোকাল পয়েন্ট, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৯. মোছা: ফরিদা ইয়াসমিন, নার্সিং অফিসার ও এপিএ ফোকাল পয়েন্ট, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২০. মো: রফিকুল ইসলাম, সহকারী সচিব (সিবিএমই শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবাল কল্যাণ মন্ত্রণালয়।
২১. লেজিনা মোনা সুমি, সহকারী প্রোগ্রামার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবাল কল্যাণ মন্ত্রণালয়।
২২. হুমায়রা আফরোজ, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবাল কল্যাণ মন্ত্রণালয়।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৪.১০.২০২১

(মো: আবদুছ সালাম)
উপসচিব
ফোন: ৯৫৪০৭২১
apahsd19@gmail.com